

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২০০(আগরতলা ২৪।০৪)
খোয়াই, ২৪ এপ্রিল, ২০২৪

লোকসভা নির্বাচন ২০২৪
খোয়াই জেলায় আজ বিকেল ৫টা থেকে
২৭ এপ্রিল সকাল ৬টা পর্যন্ত বিভিন্ন বিধিনিষেধ আরোপ

লোকসভা নির্বাচনে ২-ত্রিপুরা পূর্ব (এসটি) ক্ষেত্রে আগামী ২৬ এপ্রিল সকাল ৭টা থেকে বিকাল ৫টা পর্যন্ত ভোটগ্রহণ করা হবে। এই সংসদীয় নির্বাচনী ক্ষেত্রে খোয়াই জেলায় ২৪-রামচন্দ্রঘাট (এসটি), ২৫-খোয়াই, ২৬-আশারামবাড়ি (এসটি), ২৭-কল্যাণপুর-প্রমোদনগর, ২৮-তেলিয়ামুড়া, ২৯-কৃষ্ণপুর (এসটি) বিধানসভার ক্ষেত্রগুলিতে জেলাশাসক চাঁন্দনী চন্দ্রন এক আদেশে ১৪৪ ধারায় কিছু বিধিনিষেধ আরোপ করেছেন। এই আদেশে আজ ২৪ এপ্রিল, ২০২৪ বিকাল ৫টা থেকে খোয়াই জেলায় জনসভা, মিছিলের মাধ্যমে সরব প্রচার সমাপ্ত হয়েছে। কোন অশুভশক্তি যেন রাজনৈতিক সুবিধা নেওয়ার জন্য ভোটারদের মধ্যে নগদ অর্থ, উপহার, মদ প্রভৃতি বন্টন করতে না পারে এবং সমাজ বিরোধীরা যেন শান্তি-শৃঙ্খলা ভঙ্গ করতে না পারে সেজন্য বিভিন্ন ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

এই আদেশে পাঁচ বা ততোধিক ব্যক্তি লাঠি, লোহার রড, পাথর, বোমা প্রভৃতি অস্ত্রসস্ত্র বা অস্ত্র ছাড়া এক জায়গায় জমায়েত হতে পারবে না। লাউড স্পিকার সহ বা লাউড স্পিকার ব্যবহার ছাড়া ভোটগ্রহণ কেন্দ্রের ২০০ মিটার এলাকার মধ্যে কোন ধরনের জমায়েত, জনসভা, মিছিল প্রভৃতি করা যাবে না। এক সঙ্গে ২টি গাড়ি অথবা ২ মোটর বাইক চলাচলের উপরেও নিষেধাজ্ঞা জারি করা হয়েছে। জেলাশাসক আদেশে জানিয়েছেন নির্বাচন কমিশনের নির্দেশিকা অনুযায়ী অবাধ ও শান্তিপূর্ণ নির্বাচনের জন্য এবং শান্তি ও সম্প্রীতি রক্ষার জন্য এই আদেশ জারি করা হয়েছে। এই নিষেধাজ্ঞার আওতার বাইরে থাকবে-

১. নির্বাচন সংক্রান্ত কাজে নিযুক্ত নির্বাচনী কর্মী, সিএপিএফ, পুলিশ তাদের ব্যবহৃত যানবাহন, ড্রাইভার, ক্লিনার ও উপযুক্ত অনুমতি পত্র সহ সংবাদ মাধ্যমের কর্মীগণ।
২. পায়ে হেঁটে বা নিজের বাহন নিয়ে ভোট দিতে আসা নির্বাচকরা বা নির্বাচন কেন্দ্রের প্রাঙ্গণে ভোট দিতে দাঁড়িয়ে থাকা নির্বাচকরা।
৩. সচিব পরিচয়পত্র বহনকারী সেইসব নির্বাচক যারা নিজেদের গাড়িতে পরিবারের সদস্যদের নিয়ে ভোট কেন্দ্রের ২০০ মিটার পরিধির বাইরে পর্যন্ত আসবেন। তবে পরিবারের সদস্য ভিন্ন অন্যদের গাড়িতে করে আনা যাবে না।

২য় পাতায়

৪. দায়িত্বে থাকা সরকারি কর্মচারি/সিএপিএফ/সশস্ত্র নিরাপত্তা কর্মী।
৫. দিনের বেলা শিক্ষাগত কারণে শিক্ষা প্রতিষ্ঠানে জমায়েত।
৬. সরকারি বা বেসরকারি প্রতিষ্ঠানের নিয়মিত কাজে নিযুক্ত কর্মচারি।
৭. ভোট দেওয়ার জন্য ভোট কেন্দ্রে নিয়ে যাওয়া ছাড়া স্বাভাবিক যাত্রীবাহী যান।
৮. কোন ধর্মীয় স্থানে ধর্মীয় অনুষ্ঠানের কারণে হওয়া জমায়েত বা সামাজিক অনুষ্ঠান যেমন বিবাহ, জন্মদিন ইত্যাদি। তবে এসব অনুষ্ঠানে নগদ টাকা বা বস্তু জাতীয় কিছু বিলি করা যাবা না।
৯. রাজনৈতিক বা অপরাধজনিত জমায়েত ছাড়া বাজার/ধর্মীয় প্রতিষ্ঠানের দৈনন্দিন বা স্বাভাবিক কাজকর্ম।
১০. রিটার্নিং অফিসার কিংবা কোন উপযুক্ত নির্বাচন কর্তৃপক্ষ দ্বারা অনুমোদন প্রাপ্ত নির্বাচন প্রার্থীর ব্যবহৃত যানবাহন।
১১. ভোটার/দশগাথীদের জল প্রদান কাজের সঙ্গে যুক্ত ব্যক্তি।
১২. পিডব্লিউডি ভোটারদের ভোট প্রদানের জন্য হইল চেয়ার বা অন্য যেকোন চলন সামগ্রী প্রদান।
